

মে ৭

মাই ০৬/০৭/১৮

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩০  
০২ জুলাই ২০২৩

### পরিপত্র

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ।

চলমান বৈশিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃত্তি সাধনের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় থাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- (ক) চলতি ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:
- (১) '৩২১১১১৩-বিদ্যুৎ' থাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%;
  - (২) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' থাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০%;
  - (৩) '৪১১১১০১-আবাসিক ভবন', '৪১১১২০১-অন্যাবাসিক ভবন', এবং '৪১১১৩০১-অন্যান্য ভবন ও স্থাপনা' থাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বৰ্ক থাকবে;
  - (৪) '৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান' ও '৪১১২১০৩-আকাশযান' থাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বৰ্ক থাকবে। তবে, ১০ বছরের অধিক পুরোনো মোটরযান প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে; এবং
  - (৫) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' থাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বৰ্ক থাকবে।
- (খ) চলতি ২০২৩-২৪ অর্থবছরে উন্নয়ন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:
- (১) '৩২১১১১৩-বিদ্যুৎ' থাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%;
  - (২) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' থাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০%;
  - (৩) সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বৰ্ক থাকবে; এবং
  - (৪) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' থাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- (গ) চলতি ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সকল প্রকার বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনারের অংশগ্রহণ বৰ্ক থাকবে। তবে অত্যাবশ্যকীয় বিবেচনায় নিয়লিখিত উদ্দেশ্যে সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদেশ ভ্রমণ করা যাবে:
- (১) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা/বিশ্ববিদ্যালয়/দেশ কর্তৃক প্রদত্ত স্কলারশীপ/ফেলোশীপ-এর আওতায় বৈদেশিক অর্থায়নে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়ন;
  - (২) বিদেশী সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগীর আমন্ত্রণে ও সম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বৈদেশিক প্রশিক্ষণ; এবং
  - (৩) সরবরাহকারী/ঠিকাদার/পরামর্শক প্রতিষ্ঠানের অর্থায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ কারিগরি জ্ঞানসম্পদ কর্মকর্তাগণ কর্তৃক সেবা/পণ্যের গুণগত মান নিরীক্ষা/পরিদর্শন।

২। উপরের (ক) এবং (খ) অনুচ্ছেদে বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো থাতে এবং অন্য কোনো থাতে এস থাতে পুনঃউপযোজন করা যাবে না।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ আমিনুজ্জামান)

উপসচিব

৯৫১৪১৪৬

ই-মেইলঃ [anism321@finance.gov.bd](mailto:anism321@finance.gov.bd)

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা